

# শিক্ষা সফর ২০২৬

## ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল



দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি., ঢাকা (ঢাকা ক্রেডিট) এর শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল এর শিক্ষার্থী, শিক্ষক, স্টাফ এবং ঢাকা ক্রেডিটের বোর্ড সদস্য সলোমন আই রোজারিও ৯ মে, শিক্ষা সফরে সোনারগাঁও গিয়েছিলেন।



বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য বিষয়ে শিক্ষার্থীদের মধ্যে আগ্রহ তৈরি এবং দেশকে যেন শিক্ষার্থীরা বুঝতে পারে জানতে পারে সেই লক্ষ্যে এই শিক্ষা সফরের আয়োজন করে ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুল।



উক্ত শিক্ষা সফরে শিক্ষার্থীরা ঢাকার অদূরে নারায়নগঞ্জ জেলাধীন সোনারগাঁও এবং পানাম নগরে যান। এর মাধ্যমে শিক্ষার্থীরা প্রাচীন বাংলার গৌরবময় ইতিহাস বিষয়ে জানতে পারে। লোক ও কারুশিল্প জাদুঘর, বড় সর্দার বাড়ি, নীলকুঠিসহ অন্যান্য স্থাপনা শিক্ষার্থীরা ঘুরে দেখেন এবং জ্ঞান আহরণ করে।



